# উপজেলা পরিষদ, খানসামা এর ফেব্রুয়ারি, ২০২৫ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ কামরুজ্জামান সরকার, প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব)
উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, খানসামা, দিনাজপুর
তারিখ : ১৩/০২/২০২৫ খ্রি.
সময় : সকাল-১১.০০ ঘটিকা
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-'ক'

উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভার প্রারম্ভে গত ২৮/০১/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত জানুয়ারি মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর কার্যক্রমসমূহ স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে ০৬ (ছয়) জন ডাক্তার কর্মরত আছে। শুন্য পদ ১০, শুন্য পদে ডাক্তার পদায়নের জন্য সুপারিশ করা হয়। ডাক্তার স্বল্পতার কারণে চিকিৎসা সেবার মান কিছুটা হলেও ব্যাহত হচ্ছে।<br><br>তিনি সভায় আরও জানান যে, ২০ শয্যা বিশিষ্ট হাসপাতালে নিরাপত্তা প্রহরী না থাকায় হাসপাতালটি অরক্ষিত অবস্থায় রয়েছে। যে কোন সময় হাসপাতালের বিভিন্ন আসবাবপত্র চুরিসহ অন্যান্য ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে। নিরাপত্তার স্বার্থে প্রতিদিন একজন করে গ্রাম পুলিশ পাহাড়ায় নিয়োজিত করার জন্য তিনি উপজেলা পরিষদের দৃষ্টি আকর্ষণ করেন। | (১) চিকিৎসা সেবার মান আরও উন্নত করতে হবে।<br>(২) রোগীদের মানসম্মত খাবার সরবরাহ চিহ্নিত করতে হবে।<br><br>(৩) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডাক্তারের শুন্য পদগুলোতে ডাক্তার পদায়নের নিমিত্ত জরুরী ভিত্তিতে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে পত্র প্রেরণসহ ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। |
| ০২ | প্রকৌশল বিভাগঃ<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এলজিইডি'র তত্ত্বাবধানে উন্নয়নমূলক সকল কাজ যথা নিয়মে চলছে। মাঠ পর্যায়ে কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, খানসামা, দিনাজপুর। |
| ০৩ | কৃষি বিভাগঃ<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি রবি মৌসুমে বিভিন্ন ফসল আবাদের লক্ষ্য মাত্রা বোরো ৩৫০০ হেক্টর, গম ১০০ হেক্টর, ভুট্টা ৮৪৯০ হেক্টর, আলু ১৯০০ হেক্টর, সরিষা ১৫৯০ হেক্টর, রসুন ১৬২০ হেক্টর এবং পেঁয়াজ ১৩৫ হেক্টর। এ পর্যন্ত অর্জিত হয়েছে বোরো ২৮০ হেক্টর, গম ৭৫ হেক্টর, ভুট্টা ৮৪০০ হেক্টর, আলু ২৮৬০ হেক্টর, সরিষা ৯৬৫ হেক্টর, রসুন ২৪২৫ হেক্টর, পেঁয়াজ ১২০ হেক্টর। আলু ও সরিষা কর্তন কার্যক্রম চলমান রয়েছে। এ পর্যন্ত মোট ২২১০ হেক্টর জমির আলু কর্তন হয়েছে। যার গড় ফলন ২০.৫ মে.টন।<br><br>তিনি সভায় আরও জানান যে, ডিলার পর্যায়ে ৪৭৩ মে.টন ইউরিয়া সার মজুদ রয়েছে। টিএসপি ৬৩ মে.টন, এমওপি ৩৮০ মে.টন ও ডিএপি ৫২ মে.টন নন-ইউরিয়া সার মজুদ রয়েছে। সার উত্তোলন, সরবরাহ, বিক্রয় ও মজুদ বিষয়ে নিবিড় মনিটরিং কার্যক্রম বিভাগীয় পর্যায়ে অব্যাহত রয়েছে। | (১) বোরো ধানের জমিতে লাইন, লোগো ও পাচিং স্থাপনের কৃষক পরামর্শ অব্যাহত রাখতে হবে।<br><br>(২) সার উত্তোলন, সরবরাহ, বিক্রয় ও মজুদ বিষয়ে নিবিড় মনিটরিং কার্যক্রম বিভাগীয় পর্যায়ে চলমান রাখতে হবে। বীজ ও কীটনাশক বিক্রয়ে ভেজাল রোধে কঠোর পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। |
| ০৪ | প্রাণিসম্পদ বিভাগঃ<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, জানুয়ারি ২০২৫ মাসে গবাদি প্রাণির চিকিৎসা প্রদান করা হয়েছে ২০৪২ টি, হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে ২৯৭২ টি, গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ১০০০ টি, হাঁস-মুরগির টিকা প্রদান করা হয়েছে ২০০০০ টি, গবাদি প্রাণির কৃত্রিম প্রজনন করা হয়েছে ৪৩৮ টি, খামারী সচেতনতা ও খামার স্থাপনের জন্য ০৩ টি উঠান বৈঠক করা হয়েছে এবং গাভীর খামার পরিদর্শন করা হয়েছে ০৬ টি। কায়েমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ২০০ মিলিঃ করে দুধ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | **মৎস্য বিভাগঃ**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য সংরক্ষণ আইন অনুযায়ী প্রতি বছর ১ নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত মোট ৮ মাস জাটকা আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ ও বিক্রয় দন্ডনীয় অপরাধ। আইন অমান্যকারীকে কমপক্ষে ১ বছর থেকে সর্বোচ্চ ২ বছরের সশ্রম কারাদন্ড অথবা ৫০০০ টাকা জরিমানা অথবা উভয় দন্ডে দন্ডিত করা যাবে। এই কর্মসূচি বাস্তবায়নে উপজেলা প্রশাসনসহ সকলের সহযোগিতা কামনা করেন।<br><br>তিনি সভায় আরও জানান যে, উপজেলা মৎস্য অফিস কর্তৃক অবৈধ চায়না দুয়ারি জাল ও কারেন্ট জাল ধরার অভিযান অব্যাহত রয়েছে কিন্তু মৎস্য অফিস কর্তৃক পরিচালিত অভিযানসমূহ এই মা মাছ শিকার বন্ধের জন্য যথেষ্ট নয়। মাছের প্রজনন মৌসুমকে নিরাপদ করার জন্য উপজেলা প্রশাসন, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ ও সংশ্লিষ্ট ওয়ার্ডের সদস্যদের সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। |
| ০৬ | **প্রাথমিক শিক্ষা বিভাগঃ**<br>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, সরকারি প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্ট ২০২৪ এ জেলা পর্যায়ে চ্যাম্পিয়ন আলোকঝাড়ী-২ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বালিকা দল বিভাগীয় পর্যায়ে অংশগ্রহণের নিমিত্ত আগামী ১৫ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে রংপুর পৌছাবে এবং কুমড়িয়া-১ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বালক দল আগামী ১৬ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে রংপুর পৌছাবে এবং সেখানে অবস্থান করবে। খেলা অনুষ্ঠিত হবে ১৬ ফেব্রুয়ারি ২০২৫ হতে ১৯ ফেব্রুয়ারি, ২০২৫ পর্যন্ত।<br><br>তিনি সভায় আরও জানান যে, প্রথম শ্রেণি হতে পঞ্চম শ্রেণি পর্যন্ত বই পাওয়া গেছে এবং বিতরণ কাজ শেষ হয়েছে। প্রাক-প্রাথমিক বই এখনও পাওয়া যায়নি। সাব ক্লাস্টার প্রশিক্ষণ চলমান রয়েছে। পাঠের গুনগত মান উন্নয়নের জন্য নিয়মিত পরিদর্শন কার্যক্রম জোরদার করাসহ মা সমাবেশ, উঠান বৈঠক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খানসামা, দিনাজপুর। |
| ০৭ | **মাধ্যমিক শিক্ষা বিভাগঃ**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ২০২৫ শিক্ষা বর্ষের বিনামূল্যে পাঠ্যপুস্তক বই দাখিল স্তরের ১ম শ্রেণি হতে ১০ম শ্রেণি ও মাধ্যমিক বিদ্যালয়ের ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণির সকল শ্রেণির শিক্ষার্থীর হাতে নতুন পাঠ্যপুস্তক বই বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে। তারুণ্যের উৎসব উপলক্ষ্যে বিভিন্ন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।<br><br>তিনি সভায় আরও জানান যে, ৫৩তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা খানসামা উপজেলার শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা শুরু করা হয়েছে। এছাড়াও উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, খানসামা, দিনাজপুর। |
| ০৮ | **সমাজসেবা বিভাগঃ**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় নিয়মিত কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। |
| ০৯ | **পল্লী উন্নয়ন বিভাগঃ**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিআরডিবি'র আওতাধীন প্রকল্পসমূহের জানুয়ারি, ২০২৫ মাসের ঋণ কার্যক্রম নিমরুপ: | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। |

| ক্র:নং | প্রকল্পে নাম | ঋণ বিতরণ | ঋণ আদায় |
|---|---|---|---|
| ০১ | আবর্তক (কৃষি) | - | - |
| ০২ | মহিলা উন্নয়ন অনুবিভাগ (মউ) | - | - |
| ০৩ | সদাবিক | ৩.৬০ | ২.২০ |
| ০৪ | গুচ্ছগ্রাম | - | - |
| ০৫ | আদর্শ গ্রাম-২ | - | - |
| ০৬ | পল্লী প্রগতি | - | ০.০৮ |
| ০৭ | অস্বচ্ছল মুক্তিযোদ্ধা | - | - |
| ০৮ | পল্লী উদ্যোক্তা | - | ০.১১ |
| | মোট= | ৩.৬০ | ২.২৮ |

তিনি সভায় আরও জানান যে, বিআরডিবি'র আওতায় সকল প্রকল্পের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

| | | | |
|---|---|---|---|
| ১০ | **দুর্যোগ ব্যবস্থাপনা শাখাঃ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় নিয়মিত কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। |

<table>
<tr><td>১১</td><td><u>সমবায় বিভাগঃ</u><br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, খানসামা উপজেলার সমবায়ীদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সমবায়ীদের দক্ষ ও উৎপাদনমুখী কার্যক্রম গ্রহণ করে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত স্ব-নির্ভর উপজেলা হিসেবে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেন।<br>তিনি সভায় আরও জানান যে, গোয়ালডিহি আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২) এ বসবাসরত সুবিধাভোগীদের মাঝে বর্তমান মাস পর্যন্ত ৯,৫০,০০০ টাকা ঋণ প্রদান করা হয়েছে। এ পর্যন্ত ৫,৪৬,৩২৬ টাকা ঋণ আদায় করা হয়েছে। ঋণ আদায়ের হার ৬৫%। সমবায় বিভাগের অন্যান্য সার্বিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা সমবায় অফিসার, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>১২</td><td><u>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ</u><br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলছে। তিনি বলেন যে, চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে “সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ” প্রকল্পের আওতায় খানসামা উপজেলার অনুকূলে প্রতিটি ইউনিয়নে ১২টি করে মোট ৭২টি নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। নলকূপের আবেদন গ্রহণের কাজ শেষ হয়েছে। সরেজমিন যাচাই বাছাই এর মাধ্যমে নলকূপের সাইট তালিকা নির্বাচনের কাজ চলমান রয়েছে।<br><br>তিনি সভায় আরও জানান যে, “সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ” প্রকল্পের আওতায় খানসামা উপজেলায় পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ করার জন্য পাকেরহাটের দক্ষিণ পার্শ্বে বড় মাঠ সংলগ্ন স্থানে ১০০০০০ (এক লক্ষ) ওভারহেড পানির ট্যাংক স্থাপনের কাজ চলমান রয়েছে। কাজটি বাস্তবায়ন হলে ৩০০-৩৫০ টি পরিবার পাইপ লাইনের মাধ্যমে নিরাপদ খাবার সুপেয় পানি পাবে।<br><br>তিনি সভায় আরও জানান যে, খানসামা উপজেলায় স্যানিটেশনের শতকরা হার ৯১.৯২%। প্রতিটি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে স্যানিটেশন কভারেজ ১০০% উন্নীতকরণের জন্য এডিপি/ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল থেকে অফসেট/ইমপ্রুভ টয়লেট নির্মাণের জন্য অনুরোধ করেন। এছাড়াও তার দপ্তরের অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>১৩</td><td><u>মহিলা বিষয়ক বিভাগঃ</u><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না।</td><td></td><td></td></tr>
<tr><td>১৪</td><td><u>পরিবার পরিকল্পনা বিভাগঃ</u><br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকতা সভায় জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরের কর্মসূচি সন্তোষজনকভাবে সম্পন্ন হচ্ছে। অতঃপর তিনি জানুয়ারি, ২০২৫ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন সভায় নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।<br>অস্থায়ী পদ্ধতিঃ
<table>
<tr><th colspan="3">খাবার বড়ি</th><th colspan="3">কন্ডম</th><th colspan="3">ইনজেকশন</th></tr>
<tr><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>হার</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>হার</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>হার</th></tr>
<tr><td>১৪৭২</td><td>১৫০</td><td>১০%</td><td>২৬৪</td><td>২৭</td><td>১০%</td><td>৭১৭</td><td>৩২৫</td><td>৪৫%</td></tr>
</table>
দীর্ঘমেয়াদী ও স্থায়ী পদ্ধতিঃ
<table>
<tr><th colspan="3">স্থায়ী পদ্ধতি (পুরুষ ও মহিলা)</th><th colspan="3">আইইউডি</th><th colspan="3">ইমপ্লান্ট</th></tr>
<tr><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>হার</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>হার</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>হার</th></tr>
<tr><td>১৩</td><td>১৯</td><td>১৭২%</td><td>১১</td><td>১৫</td><td>১৩৬%</td><td>৫৮</td><td>১৪২</td><td>২৪৫%</td></tr>
</table>
উপজেলার মোট সক্ষম দম্পতি : ৪৫৩২৪ জন।<br>উপজেলার সর্বমোট পদ্ধতি গ্রহণকারী : ৩৭০৯৭ জন।<br>পদ্ধতি গ্রহণকারী (সিএআর) : ৮১.৮৫%।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকতা, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>১৫</td><td><u>যুব উন্নয়ন বিভাগঃ</u><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের মাঠ পর্যায়ের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মাঠ পর্যায়ে কোন সমস্যা নেই। চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে ১৪টি ভ্রাম্যমান প্রশিক্ষণ কোর্স এর লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে প্রশিক্ষণ কোর্স এর বিজ্ঞপ্তি জারী করা হয়েছে এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অবহিত করা হয়েছে। জানুয়ারি ২০২৫ মাস পর্যন্ত ০৮টি ভ্রাম্যমান প্রশিক্ষণ কোর্স সমাপ্ত করা হয়েছে। এছাড়াও অন্যান্য যুব কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>(১) খেলাপী যুব ঋণের টাকা আদায়ে জোর প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>(২) বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>১৬</td><td><u>বন বিভাগঃ</u><br>উপজেলা বন কর্মকর্তা, খানসামা SFPC, সামাজিক বন বিভাগ, সভায় জানান যে, তার</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত</td><td>উপজেলা বন কর্মকর্তা, খানসামা,</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | বিভাগীয় সকল কাজ যথা নিয়মে চলছে। মাঠ পর্যায়ে কোন সমস্যা নেই। | গৃহীত হলো। | দিনাজপুর। |
| ১৭ | নির্বাচন অফিসঃ<br>উপজেলা নির্বাচন অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | | |
| ১৮ | আনসার ও ভিডিপি বিভাগঃ<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের কাজ যথা নিয়মে চলছে। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। |
| ১৯ | পল্লী সঞ্চয় ব্যাংকঃ<br>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম যথা নিয়মে চলছে। খেলাপী টাকা আদায়ের লক্ষ্যে ঋণ গ্রহীতা ও জামিনদারদের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। | পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, খানসামা, দিনাজপুর। |
| ২০ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশনঃ<br>উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক সকল কার্যক্রম যথাযথভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। |
| ২১ | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ<br>সহকারী প্রকৌশলী, বিএমডিএ এর প্রতিনিধি সভায় জানান যে, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের সকল কার্যক্রম যথা নিয়মে চলছে। মাঠ পর্যায়ে কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, খানসামা, দিনাজপুর |
| ২২ | পরিসংখ্যান বিভাগঃ<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | | |
| ২৩ | পাট অধিদপ্তরঃ<br>উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথা নিয়মে চলছে। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। |
| ২৪ | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রঃ<br>কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের সকল কার্যক্রম যথা নিয়মে চলছে। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, খানসামা, দিনাজপুর |
| ২৫ | ইসলামিক ফাউন্ডেশনঃ<br>ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান যে, তার বিভাগীয় কাজ যথা নিয়মে চলছে। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, খানসামা, দিনাজপুর। |
| ২৬ | পল্লী বিদ্যুৎ বিভাগঃ<br>সহকারী জেনারেল ম্যানেজার, খানসামা সাব-জোনাল অফিস, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর প্রতিনিধি সভায় জানান যে, অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করণের নিমিত্ত রাত্রীকালীন অভিযান অব্যাহত রয়েছে। বকেয়া বিলের কারণে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন অভিযান অব্যাহত রয়েছে। এ বিষয়ে উপজেলা প্রশাসনসহ পুলিশ বাহিনীর আন্তরিক সহযোগিতা কামনা করেন।<br>তিনি সভায় আরও জানান যে, বর্তমানে ট্রান্সফরমারসহ বৈদ্যুতিক মালামাল চুরির প্রবণতা ব্যাপক বৃদ্ধি পেয়েছে। এ বিষয়ে প্রশাসনসহ পুলিশ বাহিনীর আন্তরিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী জেনারেল ম্যানেজার, খানসামা সাব-জোনাল অফিস, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, খানসামা |

২৭। **বিবিধ আলোচনা ও সিদ্ধান্তঃ** ক) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (সংশোধিত) এর ধারা ২৯(১) অনুযায়ী ১৭ টি উপজেলা কমিটি গঠন ও কার্যকর করার বিধান রয়েছে। উক্ত আইনের ধারা ২৯ এর উপধারা ৬ অনুযায়ী উপজেলা পরিষদের ১৭টি কমিটি প্রতি ২ (দুই) মাস অন্তর একটি মাসিক সভা করার বিধান রয়েছে। উক্ত ১৭ (সতেরো) টি কমিটির সভাপতি হিসেবে উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানগণ দায়িত্ব পালন করে থাকেন। গত ১৯ আগষ্ট ২০২৪ এ ৪৬.০০.০০০০.০৪৬.০১৮.০০১.২৪-৫০০ নং স্মারকমূলে ২০২৪ এর ধারা ১৩ ঘ প্রয়োগ করে সকল উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান কে স্ব স্ব পদ থেকে অপসারণ করা হয়। বর্তমানে উপজেলা পরিষদে ভাইস চেয়ারম্যানদের পদ শূন্য রয়েছে বিধায় উপজেলা পরিষদের ১৭টি কমিটির সভা নিয়মিত আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, উপজেলা-২ শাখা এর গত ১২ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.১৪.০১০.২৩-২৪৩ নং স্মারকে একখানা অনুরোধ পত্র পাওয়া যায়। তদপ্রেক্ষিতে নিম্নবর্ণিতভাবে কমিটির সভাপতির দায়িত্ব বন্টন করা যেতে পারে। একইভাবে, উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (সংশোধিত) এর ধারা ২৯(৩) বিধান সাপেক্ষে ১৭টি কমিটির সচিবের দায়িত্ব হস্তান্তরিত বিভাগ ও উপজেলা পর্যায়ে অন্যান্য বিভাগের সরকারি কর্মকর্তাদের মধ্যে নিম্নোক্তভাবে বন্টন করা যেতে পারে। উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (পুনঃপ্রবর্তন আইন, ২০০৯ ও সংশোধিত আইন, ২০১১) এর ২৭ (৪ ও

৫) ধারার বিধান অনুসরণ করে পরিশিষ্ট-১ এর কাঠামো অনুযায়ী প্রত্যেকটি কমিটি পূর্ণাঙ্গভাবে পুনঃগঠন করা প্রয়োজন। কমিটিসমূহ গঠনের বিষয়ে নিম্নোক্তভাবে প্রস্তাব দেয়া হলো।

পরিশিষ্ট-১

১. আইন-শৃঙ্খলা বিষয়ক কমিটিঃ

| | | |
|---|---|---|
| (ক) | উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর- | সভাপতি |
| (খ) | চেয়ারম্যান, ১নং আলোকঝাড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (গ) | চেয়ারম্যান, ২নং ভেড়ভেড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঘ) | চেয়ারম্যান, ৫নং ভাবকী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঙ) | অধ্যক্ষ, খানসামা ডিগ্রী কলেজ, খানসামা, দিনাজপুর- | সদস্য (কো-অপ্ট) |
| (চ) | জনাব মোঃ শরিফুল আলম প্রধান, বিশিষ্ট ব্যক্তি, গোবিন্দপুর, খানসামা, দিনাজপুর | সদস্য (কো-অপ্ট) |
| (ছ) | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, খানসামা, দিনাজপুর | সদস্য-সচিব |

২. যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটিঃ

| | | |
|---|---|---|
| (ক) | উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর- | সভাপতি |
| (খ) | চেয়ারম্যান, ৩নং আংগারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (গ) | চেয়ারম্যান, ৪নং খামারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঘ) | চেয়ারম্যান, ৬নং গোয়ালডিহি ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঙ) | জনাব মোঃ শরিফুল আলম প্রধান, স্থানীয় বিশিষ্ট ব্যক্তি, গোবিন্দপুর, খানসামা, দিনাজপুর | সদস্য (কো-অপ্ট) |
| (চ) | জনাব মোঃ নূরল হক, নির্বাহী পরিচালক, বিকাশ | সদস্য (কো-অপ্ট) |
| (ছ) | উপজেলা প্রকৌশলী, খানসামা, দিনাজপুর | সদস্য-সচিব |

৩. কৃষি ও সেচ সংক্রান্ত কমিটিঃ

| | | |
|---|---|---|
| (ক) | উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর- | সভাপতি |
| (খ) | চেয়ারম্যান, ১নং আলোকঝাড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (গ) | চেয়ারম্যান, ৩নং আংগারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঘ) | চেয়ারম্যান, ৬নং গোয়ালডিহি ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঙ) | জনাব মোঃ মতিয়ার রহমান, গ্রাম-গোবিন্দপুর, স্থানীয় সফল কৃষক | সদস্য (কো-অপ্ট) |
| (চ) | জনাব মোঃ আব্দুল হান্নান, গ্রাম-হোসেনপুর, সংশ্লিষ্ট বিষয়ে অবসরপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য (কো-অপ্ট) |
| (ছ) | উপজেলা কৃষি অফিসার, খানসামা, দিনাজপুর | সদস্য-সচিব |

৪. মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটিঃ

| | | |
|---|---|---|
| (ক) | উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর- | সভাপতি |
| (খ) | চেয়ারম্যান, ২নং ভেড়ভেড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (গ) | চেয়ারম্যান, ৪নং খামারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঘ) | চেয়ারম্যান, ৫নং ভাবকী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঙ) | জনাব মোঃ আনিছুর রহমান, অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক, হাসিমপুর আওকড়া মসজিদ উচ্চ বিদ্যালয়, খানসামা, দিনাজপুর- | সদস্য (কো-অপ্ট) |
| (চ) | জনাব এ,কে,এম, শামসুজ্জামান, গ্রাম-সুবর্ণখুলী, খানসামা, দিনাজপুর, শিক্ষানুরাগী- | সদস্য (কো-অপ্ট) |
| (ছ) | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, খানসামা, দিনাজপুর | সদস্য-সচিব |

৫. প্রাথমিক ও গণ শিক্ষা কমিটিঃ

| | | |
|---|---|---|
| (ক) | উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর- | সভাপতি |
| (খ) | চেয়ারম্যান, ১নং আলোকঝাড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (গ) | চেয়ারম্যান, ৩নং আংগারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঘ) | চেয়ারম্যান, ৬নং গোয়ালডিহি ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঙ) | জনাব মোছাঃ ফিরোজা বেগম, অবসরপ্রাপ্ত শিক্ষক, খানসামা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, খানসামা, দিনাজপুর- | সদস্য (কো-অপ্ট) |
| (চ) | জনাব মোঃ সাঈদ আহমেদ সেলিম বুলবুল, বিশিষ্ট ব্যক্তি, টংগুয়া, খানসামা, দিনাজপুর- | সদস্য (কো-অপ্ট) |
| (ছ) | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, খানসামা, দিনাজপুর | সদস্য-সচিব |

৬. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটিঃ

| | | |
|---|---|---|
| (ক) | উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর- | সভাপতি |
| (খ) | চেয়ারম্যান, ৩নং আংগারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (গ) | চেয়ারম্যান, ৪নং খামারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঘ) | চেয়ারম্যান, ৫নং ভাবকী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঙ) | জনাব মোঃ সফিকুল ইসলাম, স্বাস্থ্য সহকারী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, খানসামা, দিনাজপুর- | সদস্য (কো-অপ্ট) |
| (চ) | জনাব মোছাঃ ময়না রানী বেবি, খানসামা সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, খানসামা, দিনাজপুর- | সদস্য (কো-অপ্ট) |
| (ছ) | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, খানসামা, দিনাজপুর | সদস্য-সচিব |

৭. যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটিঃ

| | | |
|---|---|---|
| (ক) | উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর- | সভাপতি |
| (খ) | চেয়ারম্যান, ১নং আলোকঝাড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (গ) | চেয়ারম্যান, ২নং ভেড়ভেড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঘ) | চেয়ারম্যান, ৬নং গোয়ালডিহি ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঙ) | জনাব মোঃ রশিদুল ইসলাম, শরীরচর্চা শিক্ষক, খানসামা পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়, খানসামা, দিনাজপুর- | সদস্য (কো-অপ্ট) |
| (চ) | জনাব মোঃ সাজিদ ইসলাম, স্থানীয় যুবক, গোবিন্দপুর, খানসামা, দিনাজপুর- | সদস্য (কো-অপ্ট) |
| (ছ) | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর | সদস্য-সচিব |

৮. মহিলা ও শিশু উন্নয়ন কমিটিঃ

| | | |
|---|---|---|
| (ক) | উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর- | সভাপতি |
| (খ) | চেয়ারম্যান, ৩নং আংগারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (গ) | চেয়ারম্যান, ৪নং খামারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঘ) | চেয়ারম্যান, ৫নং ভাবকী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঙ) | জনাব মোছাঃ সামসুন নাহার, অবসরপ্রাপ্ত শিক্ষক, খানসামা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, খানসামা, দিনাজপুর- | সদস্য (কো-অপ্ট) |
| (চ) | জনাব বাসন্তী রায়, কেয়ার গিভার, বাংলাদেশ ন্যাজারিন মিশন খানসামা, দিনাজপুর | সদস্য (কো-অপ্ট) |
| (ছ) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, খানসামা, দিনাজপুর- | সদস্য-সচিব |

৯. সমাজ কল্যাণ কমিটিঃ

| | | |
|---|---|---|
| (ক) | উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর- | সভাপতি |
| (খ) | চেয়ারম্যান, ১নং আলোকঝাড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (গ) | চেয়ারম্যান, ২নং ভেড়ভেড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঘ) | চেয়ারম্যান, ৬নং গোয়ালডিহি ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঙ) | জনাব অঞ্জলী রানী সরকার, সমাজকর্মী, নিজেরা করি- | সদস্য (কো-অপ্ট) |
| (চ) | জনাব আকতারুল ইসলাম, বেসরকারি সংস্থার প্রতিনিধি, সিটিএস | সদস্য (কো-অপ্ট) |
| (ছ) | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, খানসামা, দিনাজপুর- | সদস্য-সচিব |

১০. মুক্তিযোদ্ধা কমিটিঃ

| | | |
|---|---|---|
| (ক) | উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর- | সভাপতি |
| (খ) | চেয়ারম্যান, ১নং আলোকঝাড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (গ) | চেয়ারম্যান, ৩নং আংগারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঘ) | চেয়ারম্যান, ৬নং গোয়ালডিহি ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঙ) | জনাব মোঃ শরিফ উদ্দিন, বীরমুক্তিযোদ্ধা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কমান্ড কাউন্সিল, খানসামা, দিনাজপুর- | সদস্য (কো-অপ্ট) |
| (চ) | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, খানসামা, দিনাজপুর- | সদস্য-সচিব |

১১. মৎস্য ও প্রাণিসম্পদ কমিটিঃ

| | | |
|---|---|---|
| (ক) | উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর- | সভাপতি |
| (খ) | চেয়ারম্যান, ২নং ভেড়ভেড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (গ) | চেয়ারম্যান, ৪নং খামারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঘ) | জনাব মোঃ মশিউর রহমান ফারুক, মৎস্যজীবী, দুহশুহ, খানসামা, দিনাজপুর- | সদস্য (কো-অপ্ট) |
| (ঙ) | জনাব মোঃ জয়নাল আবেদিন, ছাতিয়ানগড়, সফল খামারী (গবাদি পশু, হাঁস বা মুরগি)- | সদস্য (কো-অপ্ট) |
| (চ) | জনাব ভারতী রানী সূত্রধর, সফল খামারী (গবাদি পশু, হাঁস বা মুরগি)- | সদস্য (কো-অপ্ট) |
| (ছ) | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, খানসামা, দিনাজপুর- | সদস্য-সচিব |

১২. পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটিঃ

| | | |
|---|---|---|
| (ক) | উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর- | সভাপতি |
| (খ) | চেয়ারম্যান, ১নং আলোকঝাড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (গ) | চেয়ারম্যান, ৩নং আংগারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঘ) | চেয়ারম্যান, ৬নং গোয়ালডিহি ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঙ) | জনাব কল্যানী রানী, অঞ্চল সমন্বয়ক, নিজেরা করি- | সদস্য (কো-অপ্ট) |
| (চ) | জনাব মোঃ সাঈদ আহমেদ সেলিম বুলবুল, বিশিষ্ট ব্যক্তি, টংগুয়া, খানসামা, দিনাজপুর- | সদস্য (কো-অপ্ট) |
| (ছ) | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর- | সদস্য্য-সচিব |

১৩. সংস্কৃতি বিষয়ক কমিটিঃ

| | | |
|---|---|---|
| (ক) | উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর- | সভাপতি |
| (খ) | চেয়ারম্যান, ২নং ভেড়ভেড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (গ) | চেয়ারম্যান, ৪নং খামারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঘ) | চেয়ারম্যান, ৫নং ভাবকী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঙ) | জনাব ললিত চন্দ্র রায়, সাংস্কৃতিক গোষ্ঠির কর্মী, পাকেরহাট সঞ্জিত নিকেতন, খানসামা, দিনাজপুর- | সদস্য (কো-অপ্ট) |
| (চ) | জনাব প্রীতি রানী বিশ্বাস, মহিলা সাংস্কৃতিক কর্মী, পাকেরহাট সঞ্জিত নিকেতন, খানসামা, দিনাজপুর- | সদস্য (কো-অপ্ট) |
| (ছ) | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর- | সদস্য-সচিব |

১৪. পরিবেশ ও বন বিষয়ক কমিটিঃ

| | | |
|---|---|---|
| (ক) | উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর- | সভাপতি |
| (খ) | চেয়ারম্যান, ১নং আলোকঝাড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (গ) | চেয়ারম্যান, ৩নং আংগারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঘ) | চেয়ারম্যান, ৬নং গোয়ালডিহি ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঙ) | জনাব মোঃ আলাউদ্দিন, প্রতিনিধি, ভাই ভাই নার্সারী, জাহাঙ্গীরপুর, খানসামা, দিনাজপুর- | সদস্য (কো-অপ্ট) |
| (চ) | জনাব মিলন কুমার সর্দার, বেসরকারি সংস্থার প্রতিনিধি, আরডিআরএস- | সদস্য (কো-অপ্ট) |
| (ছ) | উপজেলা বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, খানসামা, দিনাজপুর- | সদস্য-সচিব |

১৫. বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক কমিটিঃ

| | | |
|---|---|---|
| (ক) | উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর- | সভাপতি |
| (খ) | চেয়ারম্যান, ২নং ভেড়ভেড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (গ) | চেয়ারম্যান, ৪নং খামারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঘ) | চেয়ারম্যান, ৫নং ভাবকী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঙ) | জনাব মোঃ সাফিয়ার রহমান, মুদি ব্যবসায়ী, খানসামা বাজার, খানসামা, দিনাজপুর- | সদস্য (কো-অপ্ট) |
| (চ) | জনাব মোঃ শরিফুল আলম প্রধান, বিশিষ্ট ব্যক্তি, গোবিন্দপুর, খানসামা, দিনাজপুর | সদস্য (কো-অপ্ট) |
| (ছ) | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, খানসামা, দিনাজপুর- | সদস্য-সচিব |

১৬. অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটিঃ

| | | |
|---|---|---|
| (ক) | উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর- | সভাপতি |
| (খ) | চেয়ারম্যান, ১নং আলোকঝাড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (গ) | চেয়ারম্যান, ৩নং আংগারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঘ) | চেয়ারম্যান, ৬নং গোয়ালডিহি ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঙ) | জনাব মোঃ গোলাম কিবরিয়া, কাপড় ব্যবসায়ী, খানসামা বাজার, খানসামা, দিনাজপুর- | সদস্য (কো-অপ্ট) |
| (চ) | জনাব ডলি রানী সরকার, প্রভাষক (অর্থায়ন, উৎপাদন ও বিপনন), খানসামা ডিগ্রী কলেজ, খানসামা, দিনাজপুর | সদস্য (কো-অপ্ট) |
| (ছ) | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, খানসামা, দিনাজপুর- | সদস্য-সচিব |

১৭. জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক কমিটিঃ

| | | |
|---|---|---|
| (ক) | উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর- | সভাপতি |
| (খ) | চেয়ারম্যান, ২নং ভেড়ভেড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (গ) | চেয়ারম্যান, ৪নং খামারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঘ) | চেয়ারম্যান, ৫নং ভাবকী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য |
| (ঙ) | জনাব মোঃ সিরাজ আলী, অবসরপ্রাপ্ত শিক্ষক, খানসামা ডিগ্রী কলেজ, খানসামা, দিনাজপুর- | সদস্য (কো-অপ্ট) |
| (চ) | জনাব আরিফুল আলম পল্লব, সমাজকর্মী সানফ্লাওয়ার, খানসামা, দিনাজপুর | সদস্য (কো-অপ্ট) |
| (ছ) | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খানসামা, দিনাজপুর- | সদস্য-সচিব |

উপজেলা নির্বাহী অফিসার সভায় আরও বলেন যে, বর্ণিত কমিটির মেয়াদকাল হবে দুই বৎসর ছয় মাস (আইনের নির্দেশনা অনুযায়ী)। উপজেলা পরিষদের কমিটিগুলো তাদের সকল প্রকার কার্যক্রমের জন্য উপজেলা পরিষদের নিকট দায়বদ্ধ থাকবে। একটি কমিটি ন্যূনপক্ষে প্রতি দুই মাসে একবার কার্যক্রম প্রতিবেদন উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপন করবে। কমিটির কোন কার্যক্রম অথবা পদক্ষেপ উপজেলা পরিষদ আইন অথবা এ সংক্রান্ত বিধি, প্রবিধান ইত্যাদির প্রদত্ত এখতিয়ার বহির্ভুত হলে উপজেলা পরিষদ কমিটির কার্যক্রম স্থগিত কিংবা কমিটি বাতিল করতে পারবে।

তিনি সভায় আরও বলেন যে, উপজেলা পরিষদের সংশ্লিষ্ট কমিটিসমূহের মাধ্যমে জনগণের অংশগ্রহণ বৃদ্ধি পাবে। এর ফলে উপজেলা পরিষদে জনঅংশগ্রহনের মাধ্যমে উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা সহজতর হবে এবং উপজেলা পরিষদকে শক্তিশালী ও কার্যকর করতে সহায়ক হবে। উপজেলার কমিটিগুলো সফলতার সাথে উপজেলা পরিষদের সার্বিক কার্যক্রমকে ইতিবাচকভাবে প্রভাবিত করবে এবং উপজেলা পরিষদের কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে।

সিদ্ধান্ত : পরবর্তী সভায় আলোচনান্তে সর্বসম্মতিক্রমে চূড়ান্তকরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।

খ) উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, উপজেলা পরিষদের দৈনন্দিন কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারের ব্যবহারের জন্য ১ (এক) টি ভালো মানের নতুন ল্যাপটপ প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(চ) তে নির্দেশিত মোতাবেক উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে বছরে অফিস সরঞ্জাম ক্রয় (TO & E) খাতে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয় করা যাবে।

পর্যালোচনা : বিষয়টির উপর বিস্তারিত আলোচনা করা হলো। সভায় জনাব মোঃ রবিউল আলম তুহিন, চেয়ারম্যান, ৫নং ভাবকী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর প্রস্তাবটি জোরালো সমর্থন করেন ও উপস্থিত সকলে একমত পোষণ করে উপজেলা রাজস্ব তহবিলের অর্থে ১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয় সাপেক্ষে একটি প্রকল্প গ্রহণ করে কোটেশন কমিটি গঠনের মাধ্যমে ১ (এক) টি ভালো মানের নতুন ল্যাপটপ ক্রয় করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন।

সিদ্ধান্ত : সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হলো।

২০২৪-২০২৫ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ে উপজেলা পরিষদের দৈনন্দিন কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারের ব্যবহারের জন্য ১ (এক) টি ভালো মানের নতুন ল্যাপটপ ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো এবং নিম্নোক্তভাবে কোটেশন কমিটি গঠন করা হলো।

**কোটেশন কমিটি:**

(১) উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, খানসামা, দিনাজপুর- আহবায়ক
(২) উপজেলা সমাজসেবা অফিসার, খানসামা, দিনাজপুর- সদস্য
(৩) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, খানসামা, দিনাজপুর-সদস্য

বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।

গ) উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, অফিস সহায়ক জনাব মোঃ নজরুল ইসলাম গত ০১/০৮/২০১১ খ্রি. তারিখ এবং অফিস সহায়ক জনাব মোঃ মনোয়ার হোসেন গত ০২/০২/২০১৪ খ্রি. তারিখ হতে বিরতিহীনভাবে দৈনিক মজুরি ভিত্তিতে অদ্যাবধি উপজেলা পরিষদ কর্যালয়, খানসামা, দিনাজপুর এ কর্মরত রয়েছে এবং তাদেরকে যোগদানের তারিখ হতে ৩১ অক্টোবর, ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ১৮০ (একশত আশি) টাকা হারে দৈনিক মজুরি প্রদান করা হয়েছে কিন্তু অফিস সহায়কগণ অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ হতে বিভিন্ন সময়ে শ্রমিক মজুরির হার পুনঃনির্ধারণের সম্মতিক্রমে স্থানীয় সরকার বিভাগ হতে নিম্নবর্ণিত স্মারক ও তারিখে দৈনিক মজুরি পুনঃনির্ধারণ সম্পর্কিত তথ্য উল্লেখ করে পৃথক পৃথকভাবে আবেদন করেছেন।

| ক্র: নং | অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ | স্থানীয় সরকার বিভাগ | পুনঃনির্ধারিত দৈনিক মজুরির হার |
|---|---|---|---|
| ০১ | অর্থ বিভাগের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান শাখা-৪ এর গত ০৮ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখের ২১ নং স্মারক | স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা এর গত ১৮ এপ্রিল, ২০১৬ তারিখের ৫৫৪ নং স্মারক | ১৮০ টাকা হতে ২৬০ টাকা |
| ০২ | অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের প্রবিধি-৩ অধিশাখা এর গত ২৪ মে, ২০১৬ খ্রি. তারিখের ৩৪ নং স্মারক | স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা এর গত ০৮ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখের ২১০ নং স্মারক | ২৬০ টাকা হতে ৪৫০ টাকা |
| ০৩ | অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের প্রবিধি-৩ অধিশাখা এর গত ১২ অক্টোবর ২০২০ খ্রি. তারিখের ৯৩নং স্মারক | স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা এর গত ০৯ নভেম্বর, ২০২০ তারিখের ৮৮৩ নং স্মারক | ৪৫০ টাকা হতে ৫৫০ টাকা |

তিনি সভায় আরোও বলেন যে, বর্ণিত স্মারক ও তারিখের অফিস আদেশে শ্রমিক মজুরির হার পুনঃনির্ধারিত হলেও ৩১ অক্টোবর, ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ১৮০ (একশত আশি) টাকা হারে তাদেরকে দৈনিক মজুরি প্রদান করা হয়। প্রেক্ষিতে গত ১৮/০৪/২০১৬ খ্রি. হতে ৩১/১০/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত নিম্নবর্ণিত ছকে উল্লিখিত দৈনিক মজুরির টাকা বকেয়া পাওনা হিসেবে দাবি করে অফিস সহায়কগণ আবেদনে উল্লেখ করেছেন।

| ক্র: নং | স্থানীয় সরকার বিভাগ হতে শ্রমিক মজুরির হার নির্ধারণের তারিখ | প্রদেয় মজুরিতে বকেয়া মজুরির পরিমাণ | মোট বকেয়া মজুরি |
|---|---|---|---|
| ০১ | ১৮/০৪/২০১৬ হতে ০৭/০২/২০১৭ পর্যন্ত মোট ২৯৬ দিন | (২৬০-১৮০)= ৮০ টাকা<br>২৯৬ দিন × ৮০/- = ২৩,৬৮০/- টাকা | ২৩,৬৮০.০০ |
| ০২ | ০৮/০২/২০১৭ হতে ০৮/১১/২০২০ পর্যন্ত মোট ১৩৭০ দিন | (৪৫০-১৮০)= ২৭০/- টাকা<br>১৩৭০ দিন × ২৭০/- = ৩,৬৯,৯০০/- টাকা | ৩,৬৯,৯০০.০০ |
| ০৩ | ০৯/১১/২০২০ হতে ৩১/১০/২০২৪ পর্যন্ত মোট ১৪৫২ দিন | (৫৫০-১৮০)= ৩৭০/- টাকা<br>১৪৫২ দিন × ৩৭০/- = ৫,৩৭,২৪০/- টাকা | ৫,৩৭,২৪০.০০ |
| | | সর্বমোট = | ৯,৩০,৮২০.০০ |

তিনি সভায় আরোও বলেন যে, অফিস সহায়ক জনাব মোঃ নজরুল ইসলাম গত ০১/০৮/২০১১ খ্রি. তারিখ এবং অফিস সহায়ক জনাব মোঃ মনোয়ার হোসেন গত ০২/০২/২০১৪ খ্রি. তারিখ হতে বিরতিহীনভাবে দৈনিক মজুরি ভিত্তিতে অদ্যাবধি উপজেলা পরিষদ কর্যালয়, খানসামা, দিনাজপুর এ কর্মরত থাকায় তাদের পৃথক পৃথকভাবে আবেনে দাবীকৃত বকেয়া পাওনা মজুরি হিসেবে প্রত্যেককে ৯,৩০,৮২০/- (নয় লক্ষ ত্রিশ হাজার আটশত বিশ) টাকা এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের প্রবিধি-৩ অধিশাখা এর গত ১২ অক্টোবর ২০২০ খ্রি. তারিখের ৭.০০.০০০০. ১৭৩.৬৬.০৫৯.১৫(অংশ-১)-৯৩ নং স্মারকে পুনঃনির্ধারিত দৈনিক মজুরি ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা হারে নভেম্বর, ২০২৪ খ্রি. মাস হতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে নভেম্বর, ২০২৪ মাসের মাসিক সাধারণ সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রশাসনিক অনুমোদন গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর কে অনুরোধ করা হলো। তদপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর এর গত ২৫/১১/২০২৪ খ্রি. তারিখের ০৫.৫৫.২৭৬০.০০০.০২.০১৫.২৪-২০০৬ নং স্মারকে সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এ একখানা অনুরোধ পত্র প্রেরণ করা হয়। অনুরোধ পত্রের প্রেক্ষিতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা এর ১৫/১২/২০২৪ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.০২১.১২-৬৬৫; নম্বর স্মারকে প্রাপ্ত পত্রে বর্ণিত অর্থ বিভাগের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান শাখা-৪ এর ০৮ ফেব্রুয়ারি ২০১৬ তারিখের ২১ নম্বর স্মারক এবং অর্থ বিভাগের প্রবিধি অনুবিভাগের ২৪ মে ২০১৬ তারিখের ৩৪ নম্বর স্মারক ও ১২ অক্টোবর ২০২০ তারিখের ৯৩ নম্বর স্মারকে নির্ধারিত হারে উপজেলা পরিষদ কর্মরত অফিস সহায়ক জনাব মোঃ নজরুল ইসলাম ও জনাব মোঃ মনোয়ার হোসেন এর বকেয়াসহ দৈনিক মজুরি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে প্রদানের নির্দেশনা পাওয়া যায়।

পর্যালোচনা : অফিস সহায়ক জনাব মোঃ নজরুল ইসলাম গত ০১/০৮/২০১১ খ্রি. তারিখ এবং অফিস সহায়ক জনাব মোঃ মনোয়ার হোসেন গত ০২/০২/২০১৪ খ্রি. তারিখ হতে বিরতিহীনভাবে দৈনিক মজুরি ভিত্তিতে অদ্যাবধি উপজেলা পরিষদ কর্যালয়, খানসামা, দিনাজপুর এ কর্মরত থাকায় দৈনিক ১৮০ টাকা মজুরি প্রাপ্তিতে তাদের সংসার চালানো কোন ভাবেই সম্ভব নয়। দ্রব্যমূল্যের উর্ধ্বগতির সাথে সামঞ্জস্যপূর্ণ মজুরি হওয়া দরকার বলে অর্থ মন্ত্রণালয়ের সর্বশেষ জারীকৃত স্মারকে পুনঃনির্ধারিত ৫৫০/- টাকা দৈনিক মজুরি হারে নভেম্বর, ২০২৪ মাসের মাসিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক তাদের দৈনিক মজুরি প্রদান করা হচ্ছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হলো।

সিদ্ধান্ত : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা এর ১৫/১২/২০২৪ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.০২১.১২-৬৬৫; নম্বর স্মারকে প্রাপ্ত অনুরোধ পত্রে বর্ণিত অর্থ বিভাগের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান শাখা-৪ এর ০৮ ফেব্রুয়ারি ২০১৬ তারিখের ২১ নম্বর স্মারক এবং অর্থ বিভাগের প্রবিধি অনুবিভাগের ২৪ মে ২০১৬ তারিখের ৩৪ নম্বর স্মারক ও ১২ অক্টোবর ২০২০ তারিখের ৯৩ নম্বর স্মারকে নির্ধারিত দৈনিক মজুরি হারে অফিস সহায়ক জনাব মোঃ নজরুল ইসলাম এবং অফিস সহায়ক জনাব মোঃ মনোয়ার হোসেন তাদের পৃথক পৃথকভাবে আবেনে দাবীকৃত বকেয়া পাওনা মজুরি হিসেবে প্রত্যেককে ৯,৩০,৮২০/- (নয় লক্ষ ত্রিশ হাজার আটশত বিশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে এবং দপ্তর প্রধানগণকে সুষ্ঠুভাবে স্ব স্ব দপ্তরের কার্যক্রম পরিচালনার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬/০২/২৫

(মোঃ কামরুজ্জামান সরকার)
প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব)
উপজেলা পরিষদ
খানসামা, দিনাজপুর।

১৬/০২/২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
খানসামা, দিনাজপুর।
www.khansama.dinajpur.gov.bd

স্মারক নং : ০৫.৫৫.২৭৬০.০০০.২৫.০০১.২৪-০৫(৫০) তারিখ : ১৬/০২/২০২৫ খ্রি.

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, দিনাজপুর।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
০৫। উপজেলা .......................................................কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।
০৬। চেয়ারম্যান,...........নং......................................ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর।
০৭। জনাব/বেগম........................................................সম্মানিত সদস্য, খানসামা, দিনাজপুর।
০৮। সংশ্লিষ্ট নথি।

১৬/০২/২৫

(মোঃ কামরুজ্জামান সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।
ফোন : ০২-৫৮৯৯২৯৬০০ (অঃ)
মোবাইল নম্বর-০১৭৬১-৪৯৩৫২৯
মেইল : unokhansama@mopa.gov.bd

১৬/০২/২০২৫